দৈনিক বাংলা

তারিখ ৮.১২.৮১

পৃষ্ঠা ৬ কলাম ৮

470

087

# সার্টিফিকেট সমস্যা

গত ২৫শে জানুয়ারী ৮১ ইং তারিখের 'দৈনিক বাংলায়' বাংলাদেশ স্ট্যান্ডার্ড ইনস্টিটিউশন কর্তৃক প্রচা- রিত নিয়োগ বিজ্ঞপ্তিটিতে দরখাস্ত পাঠাবার অন্যান্য শর্তের মধ্যে একটি শর্ত হলো, যে কোন ২ জন ১ম শ্রেণীর গেজেটেড অফিসারের কাছ থেকে ২টি চরিত্রগত সার্টিফিকেট পাঠাতে হবে। আবেদনকারীর চরিত্র সম্বন্ধে নিশ্চিত হওয়ার জন্য এ সার্টিফিকেটের প্রয়োজন আছে তা অস্বীকার করছি না। কিন্তু আমার প্রশ্ন হলো, আমি এবং আমার মতো আরও অসংখ্য বেকার যারা গ্রামে বাস করে তাদের কজনের ১ম শ্রেণীর গেজেটেড অফিসারের সঙ্গে পরিচয় আছে। ধরে নিলাম শহরে গিয়ে ১ম শ্রেণীর গেজেটেড অফিসারদের অনু- রোধ উপরোধ করে দুইটি সার্টিফি- কেট পাওয়া গেলো। কিন্তু পূর্ব পরিচয় ছাড়া যে সার্টিফিকেট পাওয়া যাবে তার দ্বারা সার্টিফিকেটের মূল উদ্দেশ্যই কি ব্যর্থ হবে না? এর চেয়ে স্থানীয় প্রশাসন ও যেকোন পরিচিত গেজেটেড অফিসারের সার্টি ফিকেটই কি বেশি উপযোগী হতো না?

সকল নিয়োগ বিজ্ঞপ্তিদাতাদের কাছে অনুরোধ, আমার মতো গ্রামের অসংখ্য বেকারদের কথা বিবেচনা করে নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের পূর্বে শর্তগুলি ভালো করে ভেবে-চিন্তে নিলে আমরা অহেতুক হয়রানি থেকে রেহাই পাই।

হাশিম আনসারী, নলডাঙ্গা, রংপুর।